



বিষয় : ক্রিয়াপদ

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। কর্ম অনুসারে ক্রিয়াপদকে কয়টি ভাগে ভাগ করা যায় ?
(ক) দুই (খ) তিন
(গ) চার (ঘ) পাঁচ
- ২। সাধারণত কোন পদ ছাড়া বাক্য গঠিত হয় না ?
(ক) বিশেষ্য (খ) সর্বনাম
(গ) অব্যয় (ঘ) ক্রিয়া
- ৩। কোন কর্মে কোন বিভক্তি যুক্ত হয় না ?
(ক) গৌণ কর্মে (খ) মুখ্য কর্মে
(গ) সমধাতুজ কর্মে (ঘ) কোনটি নয়
- ৪। যে কোন বাক্যে কয়টি অংশ ?
(ক) দুই (খ) তিন
(গ) চার (ঘ) পাঁচ
- ৫। চোরটিকে সবাই মিলে কি মারই মারল ! - 'মারই' হল —
(ক) কর্ম (খ) ক্রিয়া
(গ) সমধাতুজ কর্ম (ঘ) সকর্মক ক্রিয়া
- ৬। লোকটি হাসতে হাসতে — 'হাসতে হাসতে' হল —
(ক) অকর্মক ক্রিয়া (খ) সমাপিকা ক্রিয়া
(গ) সকর্মক ক্রিয়া (ঘ) অসমাপিকা ক্রিয়া
- ৭। বাধ্য হয়ে লন্ডন ছেড়ে পালাতে হল - 'হল' একটি —
(ক) ক্রিয়াপদ (খ) অসমাপিকা ক্রিয়া
(গ) অকর্মক ক্রিয়া (ঘ) কোনটি নয়
- ৮। 'অন্ধজনে দেহ আলো। 'আলো' হল —
(ক) মুখ্য কর্ম (খ) গৌণ কর্ম
(গ) সমধাতুজ কর্ম (ঘ) কোনটি নয়
- ৯। 'তখন সে বিপিনের কাছে গিয়ে — 'গিয়ে' হল —
(ক) সমাপিকা ক্রিয়া (খ) অসমাপিকা ক্রিয়া
(গ) গৌণ কর্ম (ঘ) কোনটি নয়
- ১০। শ্যামল ভাত খায়। 'খায়' হল —
(ক) অকর্মক ক্রিয়া (খ) অসমাপিকা ক্রিয়া
(গ) সকর্মক ক্রিয়া (ঘ) কোনটি নয়

- ১১। ক্রিয়াকে 'কাকে' দিয়ে প্রশ্ন করলে কি পাওয়া যায়?
(ক) গৌণ কর্ম (খ) মুখ্য কর্ম
(গ) অকর্মক ক্রিয়া (ঘ) কোনটি নয়
- ১২। রমেন নিষ্ঠুর হাসি হাসল। 'হাসি' হল —
(ক) ক্রিয়াপদ (খ) অকর্মক ক্রিয়া
(গ) সমাপিকা ক্রিয়া (ঘ) সমধাতুজ ক্রিয়া
- ১৩। ক্রিয়াকে 'কি' দিয়ে প্রশ্ন করলে যা পাওয়া যায় তা হল —
(ক) সকর্মক ক্রিয়া (খ) গৌণ কর্ম
(গ) মুখ্য কর্ম (ঘ) কোনটি নয়
- ১৪। তখন সে বিপিনের কাছে গিয়ে - 'গিয়ে' হল —
(ক) অকর্মক ক্রিয়া (খ) সকর্মক ক্রিয়া
(গ) অসমাপিকা ক্রিয়া (ঘ) কোনটি নয়
- ১৫। 'সে আমাকে চিঠি লিখেছিল। 'আমাকে' হল —
(ক) গৌণ কর্ম (খ) মুখ্য কর্ম
(গ) সমাপিকা ক্রিয়া (ঘ) কোনটি নয়

Amit Kundu
